

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১০৫(আগরতলা, ১১।০২)
সোনামুড়া, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

সোনামুড়ায় উপজাতি ছাত্রছাত্রীদের মেধাবৃত্তি প্রদান আগামীকাল

সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামীকাল ১২ ফেব্রুয়ারী উত্তর তৈবান্দাল কমিউনিটি হলে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে সোনামুড়া মহকুমার কৃতী উপজাতি ছাত্রছাত্রীদের মধ্যে মেধাবৃত্তি প্রদান করা হবে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী শান্তনা চাকমা। বিশেষ অতিথি হিসাবে বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা, কাঠালিয়া বি এ সি'র চেয়ারম্যান তপন কুমার ত্রিপুরা এবং বিশিষ্ট সমাজসেবী পদাঙ্কন ত্রিপুরা উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন মোহনভোগ বি এ সি'র চেয়ারম্যান বাৎসল্য কুমার নোয়াতিয়া। এই অনুষ্ঠানে সোনামুড়া মহকুমার ২৮টি বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণীর ২০১৭ সালের বার্ষিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ ২৭৬ জন উপজাতি কৃতী ছাত্রছাত্রীকে মেধাবৃত্তি প্রদান করা হবে। ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রদের ৪০০ টাকা ও ছাত্রীদের ৫০০ টাকা, ৭ম শ্রেণীর ছাত্রদের পাঁচশ টাকা ও ছাত্রীদের ছয়শ টাকা, ৮ম শ্রেণীর ছাত্রদের ৭০০ ও ছাত্রীদের ৮০০ টাকা, নবম শ্রেণীর ছাত্রদের ৮০০ টাকা ও ছাত্রীদের ৯০০ টাকা করে প্রদান করা হবে। সোনামুড়া মহকুমা শাসক কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।
